

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كتاب الرّقائق)

পরিচেদঃ সূরা ফাতিহা কুরআনের সবচেয়ে মহানতম সূরা, এটি (السَّبْعُ الْمَثَانِي) বারবার পঠিত সাত আয়াতবিশিষ্ট (সূরা), যা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রদান করা হয়েছে

ذَكْرُ الْبَيَانِ فَاتِحَةَ الْكِتَابِ هِيَ أَعْظَمُ سُورَةٍ فِي الْقُرْآنِ وَهِيَ السَّبْعُ الْمَثَانِي الَّتِي أُوتِيَ مُحَمَّدُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

774 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ شَعْبَةَ قَالَ: حَدَّثَنِي حَبِيبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصٍ بْنِ عَاصِمٍ عَنْ أَبِي سَعِيدٍ بْنِ الْمُعْلَى قَالَ: كُنْتُ أَصْلَى فِي الْمَسْجِدِ فَدَعَانِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ أَجِبْهُ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي كُنْتُ أَصْلَى فَقَالَ: (أَلَمْ يَقُلِ اللَّهُ: {اسْتَجِبُوا لِلَّهِ وَلِرَسُولِ إِذَا دَعَاكُمْ} [الأنفال: 24]) ثُمَّ قَالَ: (أَلَا أَعْلَمُكَ سُورَةً هِيَ أَعْظَمُ سُورَةٍ فِي الْقُرْآنِ؟ فَقُلْتُ: بَلَى فَقَالَ: {الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ} [الفاتحة: 2] هِيَ السَّبْعُ الْمَثَانِي وَالْقُرْآنُ الَّذِي أُوتِيَ إِلَيْهِ) قَالَ أَبُو حَاتِمَ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هِيَ أَعْظَمُ سُورَةٍ) أَرَادَ بِهِ فِي الْأَجْرِ لَا أَنَّ بَعْضَ الْقُرْآنِ أَفْضَلُ مِنْ بَعْضٍ. وَأَبُو سَعِيدٍ بْنُ الْمُعْلَى اسْمُهُ: رَافِعٌ بْنُ الْمُعْلَى بْنُ لَوْذَانَ بْنِ حَارِثَةَ ماتَ سَنَةً أَرْبَعِ وَسَبْعينَ الرَّاوِي : أَبُو سَعِيدٍ بْنُ الْمُعْلَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 774 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৭৪. আবু সাউদ বিন মু'আল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মসজিদে সালাত আদায় করছিলাম, এমন সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে ডাকলেন কিন্তু আমি তাঁর ডাকে সাড়া

দিলাম না। অতঃপর আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি সালাত আদায় করছিলাম।” তখন তিনি বললেন, “আল্লাহ কি বলেননি “তোমরা আল্লাহ ও রাসূলের ডাকে সাড়া দাও, যখন তিনি তোমাদের ডাকেন”? তারপর তিনি বলেন, “আমি কি তোমাকে এমন একটি সূরা শিক্ষা দিবো না, যা কুরআনে সবচেয়ে মহানতম সূরা?” আমি জবাবে বললাম, “জী, হ্যাঁ।” তিনি বলেন, “(সেটি হলো, “الحمد لله رب العالمين (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগৎসমূহের প্রতিপালক।”) (সূরা ফাতিহা: ২।) এটি السَّبْعُ الْمَتَّانِي (বারবার পঠিত সাত আয়াতবিশিষ্ট সূরা), যা আমাকে প্রদান করা হয়েছে।”[1]

আবু হাতিম ইবনু হিব্রান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য “এটি কুরআনের সবচেয়ে মহানতম সূরা” এর দ্বারা উদ্দেশ্য হলো ‘সাওয়াবের ক্ষেত্রে’; এটা উদ্দেশ্য নয় যে, কুরআনের কিছু অংশ অপর অংশ অপেক্ষা শ্রেষ্ঠ।”

আর রাবী আবু সাঈদ বিন মু'আল্লাহর নাম হলো রাফি‘ বিন মু'আল্লাহ বিন লাওয়ান বিন হারেসাহ। তিনি ৭৪ হিজরীতে মারা গিয়েছেন।”

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৪৭৪, ৫০০৬, ৪৬৪৭; মুসনাদ আহমাদ: ৮/২১১; আত তায়ালিসী: ২/৯; মুসনাদ আহমাদ: ৩/৪৫০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩১১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ ইবনু মু'আল্লা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89277>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন